

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা ও দায়রা জজের কার্যালয়  
রংপুর।

অফিস আদেশ :

নং : ১৪৪/২০২৩

তারিখ : ২৭/১১/২০২৩ খ্রিঃ।

অত্রোদালতের ইংলিশ শাখার অবসরপ্রাপ্ত অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক জনাব মোঃ জাহাঙ্গীর আলম-এর পেনশন ও আনুতোষিক মঞ্জুরীর আবেদনের প্রেক্ষিতে তাহার সার্ভিস বহি, আনুষঙ্গিক কাগজপত্র এবং অত্রোদালতের হিসাবরক্ষক ও প্রশাসনিক কর্মকর্তার প্রতিবেদন দেখিলাম ও পর্যালোচনা করিলাম। উক্ত কর্মচারীর ই.এল.পি.সি. মোতাবেক তাহার সর্বশেষ মূল বেতন ২০,৩৯০/-টাকা (শুধুমাত্র পেনশন নির্ধারণের জন্য)। তাহার মোট চাকুরীকাল ২৫(পঁচিশ) বৎসরের উর্দে হওয়ায় তিনি বিধি মোতাবেক মূল বেতনের ৯০% এর অর্ধাংশ পেনশন হিসাবে এবং বাকী অর্ধাংশ আনুতোষিক হিসাবে পাইতে অধিকারী।

এমতাবস্থায়, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি অনুবিভাগ, প্রবিধি-১ শাখা এর গত ১৪/১০/২০১৫ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০. ১৭১.১৩. ০০৬.১৫-৮১ নং স্মারক মোতাবেক তাহার ২০,৩৯০/- (বিশ হাজার তিনশত নব্বই) টাকা মূল বেতনের ৯০% হারে মোট অবসর ভাতার পরিমাণ দাঁড়ায় ১৮,৩৫১/- টাকা। তাহাকে উক্ত মোট অবসর ভাতার অর্ধাংশ ৯,১৭৫/৫০ টাকা এর প্রতি ১/- টাকার বিনিময়ে ২৩০/-টাকা হারে আনুতোষিক হিসাবে ২১,১০,৩৬৫/- (একুশ লক্ষ দশ হাজার তিনশত পঁয়ষট্টি) টাকা এবং বাকী অর্ধাংশ মাসিক অবসর ভাতা হিসাবে ৯,১৭৫/৫০- (নয় হাজার একশত পঁচাত্তর টাকা পঞ্চাশ পয়সা) টাকা নির্ধারণ হয়।

উল্লেখ্য, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক এর কার্যালয়, রংপুর এর গত ২১/০৯/২০২৩ খ্রিঃ তারিখের ইস্যুকৃত ইএলপি.সি পর্যালোচনায় দেখা যায় যে, উক্ত কর্মচারীর দক্ষতা জনিত অতিরিক্ত ০২টি ইনক্রিমেন্ট বাবদ ২,০৪,৫১৩/- (দুইলক্ষ চার হাজার পাঁচ শত তের) টাকা সরকারী পাওনা আছে। উক্ত কর্মচারীর আনুতোষিক হইতে সরকারী পাওনা = ২,০৪,৫১৩/- (দুইলক্ষ চার হাজার পাঁচশত তের) টাকা কর্তন পূর্বক (২১,১০,৩৬৫- ২,০৪,৫১৩)= ১৯,০৫,৮৫২ (উনিশ লক্ষ পাঁচ হাজার আটশত বাহান্ন) টাকা আনুতোষিক হিসাবে এবং ৯,১৭৫/৫০- (নয় হাজার একশত পঁচাত্তর টাকা পঞ্চাশ পয়সা) টাকা মাসিক অবসর ভাতা হিসাবে উত্তোলনের নিমিত্ত মঞ্জুরী প্রদান করা করা হইল।

সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হউক।

স্বাক্ষরিত  
(মোঃ শহীদুল ইসলাম)  
সিনিয়র জেলা ও দায়রা জজ  
রংপুর।

স্মারক নং : জেঃজঃরং-৩৩০(০৬)/২০২৩

তারিখ : ২৭/১১/২০২২ খ্রিঃ।

- ১। বিজ্ঞ ভারপ্রাপ্ত জজ, হিসাব বিভাগ, জেলা জজ আদালত, রংপুর।
- ২। বিজ্ঞ বিচারক, (যুগ্ম জেলা জজ), ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, রংপুর ও চেয়ারম্যান, জেলা আদালত বাতায়ন হালনাগাদকরণ কমিটি, রংপুর।
- ৩। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রংপুর। (ছবি সংযুক্ত পূরণকৃত পেনশন পেপার ০১টি, চাকুরী খতিয়ান বহি ০১টি এবং আনুষঙ্গিক কাগজপত্র ১৩ ফর্দ।
- ৪। জনাব মোঃ জাহাঙ্গীর আলম, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (অবসরপ্রাপ্ত), ইংলিশ শাখা, জেলা জজ আদালত, রংপুর।
- ৫। আদেশ বহি/অফিস ফাইল।

(মোঃ শহীদুল ইসলাম)  
সিনিয়র জেলা ও দায়রা জজ  
রংপুর।